# খালেদা জিয়ার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ইসহাক দার



সংগৃহীত ছবি

ঢাকায় দুই দিনের সফরে থাকা পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে গুলশানে তাঁর বাসভবনে সৌজন্য সাক্ষাৎ করেছেন। বৈঠকে দ্বিপাক্ষিক সম্পর্ক এবং খালেদা জিয়ার শারীরিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়েছে।

ঢাকায় দুই দিনের সফরে আসা পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার রোববার (২৪ আগস্ট) সন্ধ্যা ৭টায় গুলশানে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বাসভবনে সৌজন্য সাক্ষাৎ করেন। বৈঠকে তাঁর সঙ্গে ছিলেন ঢাকাস্থ পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার।

বিএনপির পক্ষ থেকে উপস্থিত ছিলেন মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য ডা. এজেডএম জাহিদ হোসেন এবং খালেদা জিয়ার একান্ত সহকারী এবিএম আব্দুস সাত্তার।

বৈঠক শেষে ডা. জাহিদ হোসেন জানান, বৈঠকে আলোচনা হয়েছে কিভাবে বাংলাদেশের এবং পাকিস্তানের জনগণের মধ্যে সম্পর্ক সুদৃঢ় করা যায়। পাকিস্তান বাংলাদেশকে তারেক রহমানের নেতৃত্বে এগিয়ে যাওয়ার সম্ভাবনায় আশাবাদ ব্যক্ত করেছে। এছাড়াও খালেদা জিয়ার শারীরিক অবস্থা সম্পর্কেও বৈঠকে কথা হয়েছে।

উল্লেখ্য, গতকাল শনিবার দুপুরে ঢাকায় পৌঁছান ইসহাক দার। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব নজরুল ইসলাম।

LENS ASIA